

Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 05 May, 2025

সাতক্ষীরায় বৈশাখ মাসে পরিপক্ক আম ভাঙার উদ্বোধন করা হয়েছে। সোমবার (৫ মে) জেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে সাতক্ষীরার সদর উপজেলার ফিংড়ি ইউনিয়নের গোপাল ঘোষের আম বাগানে বৈশাখী আম ভাঙার উদ্বোধন করেন জেলা প্রশাসক মোস্তাক আহমেদ।

সদর উপজেলার সহকারী কৃষি কর্মকর্তা প্লাবনী সরকারের সভাপতিত্বে বক্তব্য রাখেন, এনডিসি প্রনয় বিশ্বাস, উপজেলা কৃষি কর্মকর্তা মো মনির হোসেন, আম চাষী মালিক আবুল কালাম আজাদ, কমলেস সরকার প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক বলেন, সাতক্ষীরা আম চাষের উর্বর ভূমি। গত বছরের তুলনায় এ বছর প্রচুর আম হয়েছে। পরিপক্ক আম যাতে বাজারে আসে এজন্য আগে থেকেই আম ভাঙার ক্যালেন্ডার নির্ধারণ করা হয়েছে। আশকরি সকলে সেটা মেনে চলবেন একই সাথে ভেজাল মুক্ত আম বাইরে রপ্তানি করার অনুরোধ জানান চাষীরা যাতে আম বেশী করে উৎপাদন করতে পারে সে জন্য আমরা চেষ্টা করব আম চাষীদের যাতে কৃষিক্ষেত্র দেওয়া যায়। একই সাথে আম চাষীদের জন্য কয়েক জায়গায় দেখে আমের বাজার সৃষ্টি করা এবছর আমরা এ জেলা থেকে হিমসাগর আমকে ব্র্যান্ডিং করার চেষ্টা করছি। দেশে এবং বহিঃবিদেশে যাতে আমাদের জেলার সুনাম নষ্ট না হয় সেজন্য সকলকে রাসায়নিক ও কেমিকাল মুক্ত আম বাজারজাত করার আহ্বান জানান।

এসময় আম জেলা প্রশাসক ও কৃষিসম্প্রারণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ে কর্মকর্তা সহ আম

চাষীরা উপস্থিত ছিলেন ॥

উদ্বোধন বৈশাখী আম আম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:13

URL: <https://www.timestodaybd.com/khulna/1956409879>